## RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. SECOND SEMESTER EXAMINATION, MAY 2019**
**FIRST YEAR [BATCH 2018-21]**
**BENGALI (General)**
**Paper : II**

Date : 27/05/2019
Time : 11 am – 2 pm
Full Marks : 75

১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১×১৫]

ক) মনস্তাত্ত্বিক উপন্যাস কাকে বলে? এর বৈশিষ্ট্য লেখো। একটি বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাস সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। [৩+৫+৭]

খ) ঐতিহাসিক উপন্যাস কাকে বলে? ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো। যে-কোনো একটি বাংলা ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। [৩+৫+৭]

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১×১৫]

ক) বাংলা সাময়িক পত্রিকার উদ্ভবের কারণগুলি আলোচনা করো। সাময়িক পত্রিকার মূল বৈশিষ্ট্যগুলি লেখো। 'দিগ্‌দর্শন', 'সমাচার দর্পণ', 'সংবাদ প্রভাকর' ও 'সবুজপত্র' পত্রিকাগুলির প্রকাশকাল ও সম্পাদকের নাম লেখো। [৫+৬+৪]

খ) বাংলা সাময়িক পত্রের ধারায় 'প্রবাসী'র গুরুত্ব পর্যালোচনা করো। [১৫]

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১০]

ক) উদাহরণসহ উৎপ্রেক্ষা অলঙ্কারের পরিচয় দাও।

অথবা

শ্লেষ অলঙ্কার বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

খ) ব্যাখ্যা সহ অলংকার নির্ণয় করো। (যে কোন দু'টি) [৫+৫]

অ) i) এমন মানব জমিন রইল পতিত
আবাদ করলে ফলত সোনা।

ii) বাতাস বহে বেগে, ঝিলিক মারে মেঘে।

অথবা

আ) i) ওরে বিহঙ্গ, ওরে বিহঙ্গ মোর,
এখনি অন্ধ বন্ধ কোরো না পাখা।

ii) তোমার হৃদয়াকাশ অসীম বিজন।

৪। ভাবসম্প্রসারণ করো। (যে কোন একটি) [১০]

ক) এই-সব মূঢ় ম্লান মূক মুখে
দিতে হবে ভাষা

খ) স্বার্থমগ্ন যেজন বিমুখ
বৃহৎ জগৎ হতে সে কখনো শেখে নি বাঁচিতে।

৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১৫]

ক) গৌরাঙ্গ বিষয়ক পদ ও গৌরচন্দ্রিকা বলতে কী বোঝায়? তোমার পাঠ্য 'নীরদ নয়নে' শীর্ষক পদটির কাব্যসৌন্দর্য আলোচনা করো। [৫+১০]

খ) 'কন্টক গাড়ি কমলসম' পদটি কোন পর্যায়ের অন্তর্গত এবং কার লেখা? সংশ্লিষ্ট পর্যায় ও তার শ্রেষ্ঠ কবি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। উক্ত পদটির কাব্যসৌন্দর্য বিচার করো। [২+৫+৭]

——————— × ———————